

প্রিয় চট্টগ্রাম

খামারিদের পাশে রয়েছে সরকার: এনামুল হক এমপি

পটিয়ায় ৬০০ খামারির হাতে প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের উপকরণ বিতরণ

পটিয়া প্রতিনিধি

Government

প্রকাশ: ১৯ জুলাই ২০২৬, ২০:১২



প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের (এলডিডিপি) আওতায় চট্টগ্রামের পটিয়ায় ৬০০ খামারির মাঝে বিভিন্ন উপকরণ বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্টদের আশা, এ উদ্যোগের মাধ্যমে আধুনিক প্রযুক্তিনির্ভর পশুপালন ও দুগ্ধ উৎপাদনে খামারিরা আরও উৎসাহিত হবেন।

ফলো করুন



নিউজনাউ২৪
হোয়াটসঅ্যাপ



নিউজনাউ২৪
ম্যাসেঞ্জার

রবিবার (১৯ জুলাই) দুপুরে পটিয়া উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে চট্টগ্রাম-১২ (পটিয়া) আসনের সংসদ সদস্য মোহাম্মদ এনামুল হক এনাম উপকারভোগীদের হাতে উপকরণ তুলে দেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মোহাম্মদ ইলিয়াছ এবং সঞ্চালনা করেন উপ-সহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা কনক বড়ুয়া।

প্রধান অতিথির বক্তব্যে এনামুল হক বলেন, বর্তমান সরকার কৃষি ও প্রাণিসম্পদ খাতকে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে। দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে খামারিদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। উৎপাদন বৃদ্ধি, নিরাপদ প্রাণিজ আমিষ নিশ্চিতকরণ এবং খামারিদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করতে সরকার বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে।

তিনি বলেন, পটিয়ায় প্রাণিসম্পদ খাতের ব্যাপক সম্ভাবনা রয়েছে। সরকারি সুযোগ-সুবিধার যথাযথ ব্যবহার এবং আধুনিক ব্যবস্থাপনার মাধ্যমে এ খাতকে আরও সমৃদ্ধ করা সম্ভব।

আরও পড়ুন: কর্ণফুলী নদীতীর উন্নয়ন ও ইকো-ট্যুরিজম বাস্তবায়নে প্রাক-সম্ভাব্যতা যাচাই সভা

সভাপতির বক্তব্যে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মোহাম্মদ ইলিয়াছ বলেন, এলডিডিপির মূল লক্ষ্য খামারিদের উৎপাদনশীলতা বৃদ্ধি, আধুনিক প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করা এবং নিরাপদ প্রাণিজ খাদ্য উৎপাদনে উৎসাহ দেওয়া। প্রাণিসম্পদ অধিদপ্তর নিয়মিত প্রশিক্ষণ, চিকিৎসা, টিকাদান ও কারিগরি সহায়তার মাধ্যমে খামারিদের পাশে রয়েছে।

অনুষ্ঠানে উপজেলা ভেটেরিনারি সার্জন ডা. সাদ্দাম হোছাইন, পটিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. জিয়াউল হক, পটিয়া উপজেলা ক্রীড়া সংস্থার সদস্য সচিব মঈনুল আলম ছোটন, চট্টগ্রাম দক্ষিণ জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি শাহজাহান চৌধুরী, সহ-সভাপতি আনোয়ার হোসেন মিয়া, চট্টগ্রাম দক্ষিণ জেলা কৃষক দলের সদস্য সচিব মীর জাকের আহমেদ, পটিয়া পৌরসভা কৃষক দলের আহবায়ক বুলবুল আহমেদ নানু, সদস্য সচিব আলমগীর আলম, জাসাস নেতা নাছির উদ্দীনসহ প্রাণিসম্পদ বিভাগের কর্মকর্তা, জনপ্রতিনিধি ও শত শত খামারি বিএনপি ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

খামারিদের মাঝে বিতরণ করা উপকরণের মধ্যে ছিল দুটি মিল্ক ক্যান, একটি স্টিলের বালতি, একটি টিট ডিপিং কাপ (জীবাণুনাশক), হ্যান্ড গ্লাভস, গাম বুট, টেম্পারেচার অ্যান্ড হিউমিডিটি মিটার এবং চারটি স্টিলের দুধ মাপার পাত্র।

উপকারভোগী খামারিরা এ ধরনের সহায়তা অব্যাহত রাখার দাবি জানিয়ে বলেন, সরকারি সহযোগিতা ও কারিগরি সহায়তা বাড়লে পটিয়ার প্রাণিসম্পদ খাত আরও সমৃদ্ধ হবে এবং স্থানীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

আরও পড়ুন: পটিয়ায় আ.লীগ নেতা আবু জাফর গ্রেপ্তার

নিউজনাউ/আরডিজি/২০২৬



www.newsnow24.com

সম্পাদক ও প্রকাশক: মোঃ মানিক বাবলু

স্বত্ব © 2026 Newsnow24